॥ ভূমিকা ॥

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় বর্তমান ভারতের সর্বজন স্বীকৃত ও সর্বাধিক খ্যাতিসম্পন্ন সাহিত্যিক। তাই মোহমুক্ত দৃষ্টিকোণ থেকে তাঁর সাহিত্যের যথোপযুক্ত মূল্য বিচারের প্রয়োজন অনস্বীকার্য। এই সচেতনতাই তারাশঙ্কর অন্বেষার উৎসমূল।

'তারাশঙ্কর সাহিত্য সমীক্ষা' তারাশঙ্কর রচিত বিবিধ শ্রেণীর সাহিত্য গ্রন্থসমূহের শিল্প মানস ভিত্তিক পর্যালোচনা। বিষয়গুলির সামগ্রিক মূল্যায়ন ও বিশ্লেষণের সময় সাহিত্যিকের সমসাময়িক রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি এবং সমাজের অবস্থা ও ~~এবং সমাজের অবস্থা ও~~ সংশ্লিষ্ট মূল্যবোধের তথ্য ও সত্যের উপর উপযুক্ত গুরুত্বদানের চেষ্টা করেছি। একই সঙ্গে তারাশঙ্কর সাহিত্যে চিরন্তন শিল্প সৌন্দর্যের লক্ষণগুলি আবিষ্কারে যত্নবান হয়েছি।

আলোচনার সুবিধার্থে এবং আলোচ্য বিষয়ের বিভাগীয় গুরুত্ব অনুসারে গ্রন্থটি মোট বাদশ অধ্যায়ে বিভক্ত করা হয়েছে। পরিশিষ্ট অংশে তাঁর জীবন-ইতিহাস এবং গ্রন্থ বিবরণ সংক্রান্ত দুষ্প্রাপ্য ও অজ্ঞাতপ্রায় তথ্যগুলি যথেষ্ট শ্রমসহকারে সংগ্রহ করে নিষ্ঠাসহ পরিবেশন করলাম। এসব তথ্য তাঁর সাহিত্য বিচারের সহায়ক উপকরণ হয়ে উঠেছে।

সমালোচনাকালে নৈর্ব্যক্তিক দৃষ্টিভঙ্গী অনুসৃত হলেও কোথাও বা ব্যক্তিগত ভাল-লাগার রঙটি লেগে গেছে। এজন্য ক্ষমাপ্রার্থী।

— গবেষক।